

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অটোমেশন কার্যক্রম ও আধুনিক অর্থ, হিসাব ও অডিট দণ্ডের শুভ উদ্বোধন

আজ রবিবার ২৬ নভেম্বর ২০১৭ইঁ তারিখ, সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এ ব্লক অডিটোরিয়ামে কোষাধ্যক্ষ অফিস ও অর্থ ও হিসাব, অডিট দণ্ডের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের অটোমেশন কার্যক্রম ও আধুনিক অর্থ ও হিসাব, অডিট দণ্ডের শুভ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান  
অতিথি হিসেবে  
উপস্থিত ছিলেন  
বঙ্গবন্ধু শেখ মুজিব  
মেডিক্যাল  
বিশ্ববিদ্যালয়ের  
মাননীয় উপাচার্য  
অধ্যাপক ডা. কামরুল  
হাসান খান। সমানিত  
কোষাধ্যক্ষ অধ্যাপক  
ডা. মোহাম্মদ আলী  
আসগর মোড়লের  
সভাপতিত্বে অনুষ্ঠানে  
বিশেষ অতিথি  
হিসেবে উপস্থিত  
ছিলেন বঙ্গবন্ধু শেখ  
মুজিব মেডিক্যাল  
বিশ্ববিদ্যালয়ের



সমানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ. এস এম জাকারিয়া স্বপন। সমানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নানের সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন এ বিশ্ববিদ্যালয়ের প্রশ্নের অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (অর্থ, হিসাব ও অডিট) জনাব মোঃ আব্দুস সোবহান, পরিচালক (হাসপাতাল) বিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, সবাইকে ডিজিটাল কার্যক্রমের আওতায় অবশ্যই আসতে হবে। বর্তমান বিশ্ব ডিজিটালাইজড বিশ্ব। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশ গড়ার উপর গুরুত্বপূর্ণ করেছেন। ডিজিটাল কার্যক্রমের অংশ হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব, অডিট অফিসে অটোমেশন কার্যক্রম চালু করা হলো। পর্যায়ক্রমে এ বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও অফিসসমূহকে অটোমেশন কার্যক্রমের আওতায় আনা হবে।

বিশেষ অতিথির বক্তব্যে সমানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র, মাননীয় তথ্য ও যোগাযোগ বিষয়ক উপদেষ্টা, বিশিষ্ট প্রযুক্তিবিদ জনাব সজীব ওয়াজেদ জয় বাংলাদেশের শিক্ষা, চিকিৎসা, যোগাযোগসহ বিভিন্ন খাতসহ ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন- যা আন্তর্জাতিকভাবেও সমাদৃত হচ্ছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে অটোমেশন কার্যক্রম চালু হওয়াটাও বর্তমান সরকারেরই গুরুত্বপূর্ণ অবদান।

বিশেষ অতিথির বক্তব্যে সমানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ বলেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ও এক্ষেত্রে পিছিয়ে নেই। অটোমেশন কার্যক্রম চালু হওয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা আরো জোরাদার হওয়ার পাশাপাশি সুদক্ষভাবে সততার সাথে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা সহজ হবে।

সভাপতির বক্তব্যে সমানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল বলেন, অটোমেশন ও রেনোভেনশনের মাধ্যমে অর্থ ও হিসাব, অডিট বিভাগ অত্যাধুনিক করা হলো। এর মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনায় আরো বেশি করে সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে। শুরুতে অর্থ ও হিসাব বিভাগের হাজিরা কার্যক্রম ডিজিটাল প্রক্রিয়ায় আনা হলো এবং পর্যায়ক্রমে সব অফিসকে এ প্রক্রিয়ার আওতায় নিয়ে আসা হচ্ছে।

পরিচালক (অর্থ, হিসাব ও অডিট) জনাব মোঃ আব্দুস সোবহান বলেন, অর্থ ও হিসাব, অডিট দণ্ডের সকল কর্মকর্তা-কর্মচারীদের অফিসে নির্ধারিত সময়ে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য টাইম এ্যাটেনডেন্স চালু করা হচ্ছে। পেনশন গ্রহণকারীদের জন্য পেনশন সহজীকরণ ফরম চালু করা হচ্ছে। সকল শিক্ষক, চিকিৎসক, নার্স, কর্মকর্তা-কর্মচারীর ভবিষ্যৎ তহবিলের বাস্তসরিক বিবরণী, বেতন বিবরণী, আয়কর সনদ স্ব-স্ব বিভাগে পৌছে দেয়ার ব্যবস্থা করা হচ্ছে। স্থানাভাব দূরীকরণের জন্য ওয়ার্ক স্টেশন স্থাপন করায় অর্থ ও হিসাব, অডিট দণ্ডের কাজের স্বচ্ছতা এবং গতিশীলতা জোরাদার হচ্ছে।